UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date***: ২০ সেপ্টেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## খাগড়াছড়ির পানছড়িতে সেনাদের ফাঁকা গুলি ও দুই ব্যক্তিকে আটকের নিন্দা

খাগড়াছড়ির পানছড়ি উপজেলাধীন চেঙ্গী ইউনিয়নের জগ পাড়ায় দুই নিরীহ গ্রামবাসীকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে তাদেরকে মুক্তি দেয়ার দাবি জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ২০ সেপ্টেম্বর ২০২৫ শনিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের মুখপাত্র ও খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা এই নিন্দা ও দাবি জানান।

তিনি বলেন, আজ ভোর ৪টার দিকে সেনাবাহিনীর একদল সদস্য জগ পাড়ায় গিয়ে কয়েক রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ এবং এর কিছুক্ষণ পর দুই নিরীহ গ্রামবাসীকে আটক করে। আটককৃতদের পরিচয় এখনও জানা যায়নি।

ইউপিডিএফ নেতা অতীতের অভিজ্ঞাতার আলোকে আশঙ্কা প্রকাশ করে বলেন, একটি পক্ষ আজকের ঘটনাকে "ইউপিডিএফের সাথে সেনাবাহিনীর গুলি বিনিময়" বলে প্রচার এবং আটককৃতদেরকে ইউপিডিএফ সদস্য অথবা "সন্ত্রাসী" সাজিয়ে মিথ্যা মামলা দিয়ে ফাঁসাতে পারে। এছাড়া "অস্ত্র-গুলি ও অবৈধ সরঞ্জাম উদ্ধার" নাটকও সাজানো হতে পারে।'

তিনি এ ব্যাপারে সতর্ক থাকার জন্য সকলের প্রতি অনুরোধ জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।